দৈনিক সংবাদ

তারিখ ... 26 FEB 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

## এইচএসসি কম্পার্টমেন্টাল পরীক্ষার ফল প্রকাশিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বোর্ডের গত বছরের এইচএসসি কম্পার্টমেন্টাল পরীক্ষার ফলাফল গতকাল সোমবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৮২ দশমিক ৫৫। গত ৩১শে জানুয়ারী এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বোর্ড সূত্রে বলা হয়েছে, এ পরীক্ষায় অকৃতকার্য ছাত্রছাত্রীদের মধ্যে যারা এবছর এইচএসসি পরীক্ষা দিতে চায় অথবা কৃতকার্যদের মধ্যে যারা বিভাগ উন্নয়ন করতে চায় তারা নির্বাচনী পরীক্ষা ছাড়াই নিজ নিজ কলেজের মাধ্যমে আবেদন ফরম পূরণ করে বোর্ডে জমা দিতে পারবে।